

Visit of Minister of State for External Affairs Shri V.Muraleedharan to South Sudan (October 20-22, 2021)

October 25, 2021

বিদেশ প্রতিমন্ত্রী ভি মুরলীধরনের দক্ষিণ সুদান সফর (অক্টোবর 20-22, 2021)

অক্টোবর 25, 2021

বিদেশ এবং সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরন [এমওএস(ভিএম)] 20-22শে অক্টোবর 2021-এ সরকারি সফরে দক্ষিণ সুদান ভ্রমণ করেছেন। এটি ছিল ভারতের পঞ্চ থেকে পাঁচ বছরেরও বেশী সময় পরে দক্ষিণ সুদানে কোনও মন্ত্রীস্তরীয় সফর।

2. পররাষ্ট্র বিষয়ক এবং আন্তর্জাতিক সহযোগিতা মন্ত্রী মাননীয় মিস্টার মায়িক আভীর সাথে এমওএস(ভিএম)-এর বৈঠক অনুষ্ঠিত হয়েছে। উভয় পক্ষ বিদ্যমান সম্পর্কের সকল দিকগুলি নিয়ে পর্যালোচনা করেছেন এবং কৃষি, পশু সম্পত্তি, শিক্ষা, স্বাস্থ্য পরিচর্যা এবং তথ্যপ্রযুক্তি সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতাকে প্রসারিত করার জন্য ইচ্ছা প্রকাশ করেছেন।

3. কোয়ালিশন ফর ডিজাস্টার রেসিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার (সিডিআরআই)য়ে যোগদান করার জন্য দক্ষিণ সুদানকে আমন্ত্রণ জানানো হয়েছে। দক্ষিণ সুদানের সংসদ বিষয়ক মন্ত্রী শ্রীমতী মেরি নাওয়াই-র সাথে বৈঠকে সংসদ বিষয়ক কাজকর্মে ও অনুশীলনে নিজ অভিজ্ঞতাকে দক্ষিণ সুদানের সাথে ভাগ করে নেওয়ার জন্য প্রস্তুত থাকার কথা ভারতের তরফ থেকে জানানো হয়েছে এবং এবং বিভিন্ন ধরনের ক্ষমতা অর্জনের প্রশিক্ষণ কোর্স প্রদানের প্রস্তাব দেওয়া হয়েছে।

4. এই সফরে দক্ষিণ সুদানের প্রথম উপরাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি ডঃ রেইক মাচার টেনি ধুর্গন-এর সাথে একটি সাক্ষাৎও অন্তর্ভুক্ত ছিল। এমওএস(ভিএম) দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য এবং ভারতীয় বিনিয়োগের বৃদ্ধির বাধাহীন সম্ভাবনার উপর জোর দিয়েছেন এবং দক্ষিণ সুদানে ভারতীয় উদ্যোগপতির যে প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছেন তার প্রতি তার দৃষ্টি আকর্ষণ করেন। হিজ এক্সেলেন্সি রেইক মাচার দক্ষিণ সুদানে ভারতীয় বিনিয়োগকারীদের জন্য একটি বিনিয়োগ বান্ধব পরিবেশের বিষয়ে আশ্বস্ত করেন।

5. দক্ষিণ সুদান প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি শ্রী সালভাকিরমায়ারডিভ-এর আহ্বানে, দক্ষিণ সুদানে সংঘাতের সমাধানে পুনর্জাগরিত চুক্তিতে (R-ARCSS) পরিকল্পিত চলমান শান্তি প্রক্রিয়ার

জন্য ভারতের সমর্থন পুনর্ব্যক্ত করা হয়েছে। রাষ্ট্রপতি সালভাকির স্বাস্থ্য খাতে ভারতের সহযোগিতা চেয়েছেন এবং দক্ষিণ সুদানে বসবাসরত ভারতীয় সম্প্রদায়ের দীর্ঘ অমীমাংসিত দাবির বিবেচনায়, হিন্দু স্মশান এবং জুবায় একটি মন্দিরের জন্য জমি বরাদ্দের জন্য তার অনুমোদন ঘোষণা করেছেন।

6. এই সফরে ভারতীয় সম্প্রদায়ের সাথে একটি পারস্পরিক আলাপ আলোচনা এবং ভারতীয় উদ্যোগপতিদের সাথে একটি অধিবেশন অন্তর্ভুক্ত ছিল। এমওএস(ভিএম) ইউএন মিশনের অধীনে ভারতীয় সেনাবাহিনীর ফিল্ড হাসপাতাল, বিএপিএস হিন্দু মন্দির এবং ডটারস অব মেরি ইম্যাকুলেট (একটি ভারতীয় ধর্মীয় মণ্ডলী) প্রাঙ্গনও পরিদর্শন করেছেন। দক্ষিণ সুদানের ভারতীয় সম্প্রদায় এমওএস(ভিএম)কে আন্তরিকভাবে স্বাগত জানিয়েছে এবং এত বছর পর একজন ভারতীয় মন্ত্রীকে পেয়ে আনন্দিত বোধ করেছে।

7. দক্ষিণ সুদানে এমওএস (ভিএম) এর সফর দ্বিপাক্ষিক সম্পর্ককে প্রেরণা প্রদানের জন্য একটি যুগান্তকারী ঘটনা।

নিউ দিল্লি

অক্টোবর 25, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.